

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি  
পুরাতন বিমানবন্দর সড়ক  
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

নং-৩৫.০৩.০০০০.০০৩.৩২.০৬৬.১৭-১৫৯

তারিখঃ ১১/০১/২০১৮ খ্রিঃ।

বিষয়: বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

নিম্নবর্ণিত জরুরি বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকার প্রথম অথবা শেষ পৃষ্ঠায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এ বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)  
ওজনসীমার মধ্যে থাকি, সড়ক-মহাসড়ক বাঁচিয়ে রাখি।


বিষয়: মালবাহী মোটরযানে অতিরিক্ত ওজন বহন না করা সংক্রান্ত বিআরটিএ'র জরুরী বিজ্ঞপ্তি।

সরকার কর্তৃক সাময়িক সময়ের জন্য সর্বোচ্চ ওজনসীমা ৩ এক্সেল (১০ চাকা) বিশিষ্ট মোটরযানের (মোটরযান ও পণ্যসহ) জন্য নির্ধারিত ৩০ টনের পরিবর্তে ৩৫ (পঁয়ত্রিশ) টন এবং ৪ এক্সেল (১৪ চাকা) বিশিষ্ট মোটরযানের (মোটরযান ও পণ্যসহ) জন্য নির্ধারিত ৪০ টনের পরিবর্তে ৪৪ (চুয়াল্লিশ) টন নির্ধারণ করা হয়েছে।

এ সিদ্ধান্ত শুধুমাত্র চট্টগ্রাম বন্দর থেকে মালামালসহ কন্টেইনারসমূহ নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর সুবিধার্থে আগামী ১৫ মার্চ ২০১৮ পর্যন্ত কার্যকর থাকবে। উক্ত তারিখের পর ৩৫ টন ও ৪৪ টন ওজনবাহী পরিবহনের ক্ষেত্রে এ সিদ্ধান্তটির কার্যকারিতা বাতিল বলে গণ্য হবে।

বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করা হল।

চেয়ারম্যান  
বিআরটিএ

  
(মোঃ নুরুল ইসলাম)  
পরিচালক (ইঞ্জিঃ)  
ফোন: ৯১১৫৫৪৪

পরিচালক (এনফোর্সমেন্ট)  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি  
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।